ভুটানকে গোলবন্যায় ভাসিয়ে ফাইনালে বাংলাদেশ

written by Chandradip News24 | October 27, 2024

চন্দ্রদ্বীপ ডেস্ক :: বাংলাদেশ নারী ফুটবল দল বড় জয়ে নারী সাফ চ্যাম্পিয়নশিপের ফাইনালে উঠেছে। সেমিফাইনালে ভুটানকে গোলবন্যায় ভাসিয়ে বাংলার মেয়েরা ৭-১ গোলে জয় লাভ করেছে। এই ম্যাচে তহুরার হ্যাটট্রিক বাংলাদেশের জয়কে নিশ্চিত করেছে।

রোববার (২৭ অক্টোবর) নেপালের দশরথ রঙ্গশালা স্টেডিয়ামে ম্যাচের শুরু থেকেই আক্রমণাত্মক ফুটবল খেলে বাংলাদেশ। মাত্র ৭ মিনিটের মধ্যে প্রথম গোল করেন ঋতুপর্ণা চাকমা, যিনি ডি বক্সের বাইরে থেকে জোড়ালো শটে বল জালে জড়ান।

বাংলাদেশ গোলের পরও আক্রমণ অব্যাহত রাখে। ম্যাচের ১৫ মিনিটে তহুরা চমৎকার ড্রিবলিংয়ের পর একটি অসাধারণ শটে বল জালে জড়ান। এরপর অধিনায়ক সাবিনা ম্যাচের ২৬ মিনিটে গোল করেন, ডান দিক থেকে বাড়ানো বলে পা ছুঁয়ে বল জালে প্রবেশ করান।

তহুরা ৩৬ মিনিটে নিজের দ্বিতীয় গোল করেন এবং সাবিনা ৩৭ মিনিটে আরও একটি গোল করে বাংলাদেশকে ৫-১ এগিয়ে নিয়ে যায়। বিরতির পর ভুটান একটি গোল শোধ করে, কিন্তু বাংলাদেশ ৫-১ ব্যবধানে এগিয়ে

থেকে বিরতি নেয়।

বিরতি পর তহুরা ৫৮ মিনিটে হ্যাটট্রিক পূর্ণ করেন। পরে ৭২ মিনিটে সানজিদার কর্নার কিক থেকে মাসুরা পারভীন হেড করে গোল করেন। শেষ পর্যন্ত ৭ -১ গোলের বড় ব্যবধানে জয় নিয়ে বাংলাদেশ ফাইনালে পৌঁছায়।